

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৪৭

উদয়পুর, ২০ নভেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০
টেপানিয়া ব্লকে বিকাশ শিবির

প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে আজ টেপানিয়া ব্লকের পশ্চিম ধ্বজনগর গ্রামপঞ্চায়েত কার্যালয় প্রাঙ্গণে বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। ব্লকের পূর্ব ধ্বজনগর, পশ্চিম ধ্বজনগর, ধ্বজনগর ও সাতারিয়া পঞ্চায়েতকে নিয়ে এই শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন পশ্চিম ধ্বজনগর গ্রামপঞ্চায়েতের প্রধান অনিতা সূত্রধর, টেপানিয়া ব্লকের অতিরিক্ত বিডিও বিশ্বজিৎ মজুমদার প্রমুখ। শিবিরে মৎস্য দপ্তর থেকে ৪ জন মৎস্যজীবীকে মাছ ধরার জাল, ২ জন মৎস্যজীবীকে আইস বক্স দেওয়া হয়। তাছাড়া কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে ৮ জন কৃষককে ড্রাম সিডার দেওয়া হয়েছে।
